اَفَبِعَذَابِنَا يَسْتَعْجِلُوْنَ ﴿١٧٦﴾ فَاِذَا نَزَلَ بِسَاحَتِهِمْ فَسَآءَ صَبَاحُ الْمُنْذَرِيْنَ

১৭৬। আফা-বি'আযা-বিনা-ইয়াস্তা' জ্বিলূন্। ১৭৭। ফাইযা-নাযালা বিসা-হাতিহিম্ ফাসা — য়া ছোয়াবা-হুল্ মুন্যারীন্।
(১৭৬) তারা কি আমার শাস্তি দ্রুত চায়? (১৭৭) অতঃপর আযাব আঙিনায় আসলে সতর্ককৃতদের সকাল কত মন্দ হবে।

وَتَوَلَّ عَنْهُمْ حَتّٰى حِيْنٍ ﴿١٧٨﴾ وَّاَبْصِرْ فَسَوْفَ يُبْصِرُوْنَ ﴿١٨٠﴾ سُبْحٰنَ رَبِّكَ

১৭৮। অ তাওয়াল্লা-'আন্হুম্ হাত্তা-হীন্। ১৭৯। অআব্ছির্ ফাসাওফা ইয়ুব্ছিরূন্। ১৮০। সুব্হা-না রব্বিকা
(১৭৮) সুতরাং কিছুকাল তাদেরকে এড়িয়ে চলুন। (১৭৯) আপনি দেখুন, শ্রীঘ্রই তারাও দেখবে। (১৮০) তাদের বর্ণনা হতে

৫ ৪৪ ৯ রুকু

رَبِّ الْعِزَّةِ عَمَّا يَصِفُوْنَ ﴿١٨٢﴾ وَسَلٰمٌ عَلَى الْمُرْسَلِيْنَ ﴿١٨١﴾ وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ

রব্বিল্ ইয্যাতি আ'ম্মা-ইয়াছিফূন্। ১৮১। অসালা-মুন্ 'আলাল্ মুরসালীন্। ১৮২। অল্ হাম্দু লিল্লা-হি রব্বিল্ 'আ-লামীন্
আপনার রব পবিত্র, মর্যাদাবান। (১৮১) রাসূলদের প্রতি শান্তি। (১৮২) আর বিশ্ব রব আল্লাহরই জন্য সকল প্রশংসা।

সূরা ছোয়া-দ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৮৮
রুকূ ঃ ৫

صٓ وَالْقُرْاٰنِ ذِى الذِّكْرِ ﴿١﴾ بَلِ الَّذِيْنَ كَفَرُوْا فِىْ عِزَّةٍ وَّشِقَاقٍ ﴿٢﴾ كَمْ

১। ছোয়া — দ্ অল্ কুর্আ-নি যিয্ যিক্র্। ২। বালিল্লাযীনা কাফারূ ফী 'ইয্যাতিঁও ওয়া শিক্বা-ক্ব। ৩। কাম্
(১) ছোয়াদ, উপদেশে পরিপূর্ণ কুরআনের কসম, (২) বরং কাফেররা ঔদ্ধত্য ও মতভেদে লিপ্ত রয়েছে। (৩) তাদের

শানেনুযূল আয়াত–১ ঃ হযরত ওমর (রাঃ) ইসলাম গ্রহণ করার পর কোরেশী নেতাদের ২৫ জন নেতা একত্রিত হয়ে রাসূল (ছঃ)-এর চাচা আবু তালিবের নিকট গিয়ে অনুরোধ করল যে, আপনি আপনার ভ্রাতুষ্পুত্রকে ডেকে বুঝিয়ে দিন এবং আমাদের ও তার মধ্যে মীমাংসা করে দিন। আবু তালিব রাসূল (ছঃ) কে ডেকে বললেন, হে আমার সন্তান! তোমার কওমের লোকেরা তোমার নিকট এ অনুরোধ জানাচ্ছে যে, তাদের রীতিনীতির সমালোচনা থেকে বিরত থাক, তুমি তোমার রবের এবাদত করতে থাক, আর তারা তাদের উপাস্যদের পূজা করতে থাক। এখন তুমি বল এটা অপেক্ষা তোমার জাতির নিকট আর কি আশা করতে পার। রাসূল (ছঃ) বললেন, আমি তো তাদের নিকট কেবল একটি কলেমাই চাই যা দিয়ে সমগ্র আরব-আযম তাদের অনুগত হয়ে যায়। তিনি জিজ্ঞাসা করলেন সে কলেমাটি কি? রাসূল (ছঃ) বললেন, "লা ইলাহা ইল্লাল্লাহ্।" এ কথা শুনে সবাই উঠে চলে গেল এবং বলল মুহাম্মদ সমস্ত দেবতাদের বাদ দিয়ে একটা মা'বুদই সাব্যস্ত করছে? এটা তো একটি বিস্ময়কর ব্যাপার। তখন এ আয়াতটি অবতীর্ণ হয়।

أَهْلَكْنَا مِن قَبْلِهِم مِّن قَرْنٍ فَنَادَوا وَّلَاتَ حِينَ مَنَاصٍ ﴿٣﴾ وَعَجِبُوا أَن جَاءَهُم

আহ্লাক্না-মিন্ ক্বব্লিহিম্ মিন্ ক্বর্নিন ফানা-দাও অলা-তাহীনা মানা-ছ্। ৪। অ 'আজ্বিবূ ~ আন্ জ্বা — য়া হুম্
পূর্বে কত জনগোষ্ঠী ধ্বংস করেছি, তখন তারা চিৎকার দিয়েছে, কিন্তু উদ্ধারের উপায় ছিল না। (৪) আর তারা বিস্মিত

مُّنذِرٌ مِّنْهُمْ ۖ وَقَالَ الْكَافِرُونَ هَٰذَا سَاحِرٌ كَذَّابٌ ﴿٤﴾ أَجَعَلَ الْآلِهَةَ إِلَٰهًا

মুন্যিরুম্ মিন্হুম্ অক্ব-লাল্ কাফিরূনা হা-যা-সা-হিরুন্ কায্যা-ব্। ৫। আজ্বা'আলাল্ আ-লিহাতা ইল-হাঁও
হয় সতর্ককারী আসার ব্যাপারে, কাফেররা বলে, এ ব্যক্তি তো মিথ্যা যাদুকর্। (৫) অনন্তর সে কি বহু ইলাহের স্থলে

وَاحِدًا ۖ إِنَّ هَٰذَا لَشَيْءٌ عُجَابٌ ﴿٥﴾ وَانطَلَقَ الْمَلَأُ مِنْهُمْ أَنِ امْشُوا وَاصْبِرُوا

ওয়া-হিদান্ ইন্না-হা-যা-লাশাইয়ুন্ 'উজ্বা-ব্। ৬। অন্ত্বোয়ালাক্বল্ মালায়ু মিন্হুম্ আনিম্শূ অছ্বিরূ
মাত্র এক ইলাহ্ বানিয়েছে? বাস্তবিকই এটা তো এক বিস্ময়কর ব্যাপার। (৬) কাফের প্রধানরা বলে যায় যে, তোমরা তোমাদের

عَلَىٰ آلِهَتِكُمْ ۖ إِنَّ هَٰذَا لَشَيْءٌ يُرَادُ ﴿٦﴾ مَا سَمِعْنَا بِهَٰذَا فِي الْمِلَّةِ الْآخِرَةِ ۖ إِنْ

'আলা ~ 'আ-লিহাতিকুম্ ইন্না-হা-যা- লাশাইয়ুঁই ইয়ুর-দ্। ৭। মা-সামি'না-বিহা-যা-ফিল্ মিল্লাতিল্ আ-খিরতি ইন্
দেবতার উপসনায় অবিচল থাক, নিশ্চয়ই এটা তো উদ্দেশ্যমূলক ব্যাপার। (৭) আমরা আমাদের পূর্ববর্তী মিল্লাতে এরূপ শুনি নি,

هَٰذَا إِلَّا اخْتِلَاقٌ ﴿٧﴾ أَأُنزِلَ عَلَيْهِ الذِّكْرُ مِن بَيْنِنَا ۚ بَلْ هُمْ فِي شَكٍّ مِّن

হা-যা- ইল্লাখ্ তিলা-ক্ব্। ৮। আ উন্যিলা 'আলাইহিয্ যিক্রু মিম্ বাইনিনা-; বাল্ হুম্ ফী শাক্কিম্ মিন্
এটা তো তার মনগড়া উক্তি। (৮) আমাদের মধ্য হতে তার কাছেই কি এ উপদেশ আসল? মূলতঃ তারা আমার উপদেশে

ذِكْرِي ۚ بَل لَّمَّا يَذُوقُوا عَذَابِ ﴿٨﴾ أَمْ عِندَهُمْ خَزَائِنُ رَحْمَةِ رَبِّكَ الْعَزِيزِ

যিক্রী বাল্ লাম্মা-ইয়াযূক্বূ 'আযা-ব্; । ৯। আম্ 'ইনদাহুম্ খযা — য়িনু রহ্মাতি রব্বিকাল্ 'আযীযিল্
সন্দিহান, তারা তো এখনও শাস্তি ভোগ করেনি। (৯) না কি তাদের নিকট পরাক্রমশালী দাতা আপনার রবের অনুগ্রহের

الْوَهَّابِ ﴿٩﴾ أَمْ لَهُم مُّلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا ۖ فَلْيَرْتَقُوا فِي

ওয়াহ্হা-ব্। ১০। আম্ লাহুম্ মুল্কুস্ সামা-ওয়া-তি অল্আরদ্বি অমা-বাইনা হুমা-ফাল্ ইয়ার্তাক্বূ ফিল্
ভাণ্ডার রয়েছে? (১০) না কি আসমান-যমীন ও মধ্যবর্তী বস্তুর সার্বভৌমত্ব তাদের নিকট আছে? থাকলে তারা যেন সিঁড়ি

الْأَسْبَابِ ﴿١٠﴾ جُندٌ مَّا هُنَالِكَ مَهْزُومٌ مِّنَ الْأَحْزَابِ ﴿١١﴾ كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ

আস্বা-ব্। ১১। জু্নদুম্ মা-হুনা-লিকা মাহ্যূমুম্ মিনাল্ আহ্যা-ব্। ১২। কায্যাবাত্ ক্বব্লাহুম্ ক্বওমু
দিয়ে আরোহণ করে।(১১) বহু বাহিনীর এ বাহিনীও অবশ্যই পরাস্ত হবে। (১২) ইতোপূর্বেও তারা মিথ্যারোপ করেছিল

نُوحٍ وَعَادٌ وَفِرْعَوْنُ ذُو الْأَوْتَادِ ﴿١٢﴾ وَثَمُودُ وَقَوْمُ لُوطٍ وَأَصْحَابُ لْئَيْكَةِ ۖ

নূহিঁও অ'আ-দুঁও অফির্'আউনু যুল্ আওতা-দ্। ১৩। অছামূদু অক্বওমু লূত্বিঁও অ আছ্হা-বুল্ য়াইকাহ্;
নূহের জাতি, আদ ও কীলকওয়ালা ফেরাউন যে বহু শিবিরের মালিক ছিল। (১৩) ছামূদ, লূতের জাতি ও আয়কাবাসী।

١ ع ١٤ ١٠ রুকু

أُولَٰٓئِكَ الْأَحْزَابُ ﴿١٤﴾ إِنْ كُلٌّ إِلَّا كَذَّبَ الرُّسُلَ فَحَقَّ عِقَابِ ﴿١٥﴾ وَمَا يَنْظُرُ

উলা — য়িকাল্ আহ্যা-ব্। ১৪। ইন্ কুল্লুন্ ইল্লা-কায্যাবার রুসুলা ফাহাক্ক্ব 'ইক্ব-ব্। ১৫। অমা-ইয়ান্জুরু
তারা ছিল বড় দল। (১৪) নিশ্চয়ই এরা সকলে রাসূলদেরকে অস্বীকার করেছে, ফলে শাস্তি পেয়েছে। (১৫) আর এরা

هَٰٓؤُلَآءِ إِلَّا صَيْحَةً وَاحِدَةً مَّا لَهَا مِنْ فَوَاقٍ ﴿١٦﴾ وَقَالُوا رَبَّنَا عَجِّلْ لَّنَا

হা ~ উলা — য়ি ইল্লা-ছোয়াইহাতাঁও ওয়া-হিদাতাম্ মা-লাহা-মিন্ ফাওয়া-ক্ব। ১৬। অ ক্ব-লূ রব্বানা-'আজ্জিল্ লানা-
বিকট শব্দের অপেক্ষায় রয়েছে, যে শব্দ হবে বিরামহীন।(১৬) এরা বলে, হে আমাদের রব! হিসাব-দিনের পূর্বেই আমাদের

قِطَّنَا قَبْلَ يَوْمِ الْحِسَابِ ﴿١٧﴾ اِصْبِرْ عَلَىٰ مَا يَقُولُونَ وَاذْكُرْ عَبْدَنَا دَاوُدَ ذَا الْأَيْدِ ج

ক্বিত্বোয়ানা-ক্বব্লা ইয়াওমিল্ হিসা-ব্। ১৭। ইছ্বির্ 'আলা- মা ইয়াকূলূনা অয্কুর্ 'আব্দানা-দা-যূদা যাল্আইদি
পাওনা আমাদেরকে দিয়ে দাও।(১৭) তাদের কথায় আপনি ধৈর্য হারা হবে না। শক্তিশালী দাউদকে স্মরণ করুন, সে ছিল

إِنَّهُۥٓ أَوَّابٌ ﴿١٨﴾ إِنَّا سَخَّرْنَا الْجِبَالَ مَعَهُۥ يُسَبِّحْنَ بِالْعَشِيِّ وَالْإِشْرَاقِ *

ইন্নাহূ ~ আওয়্যা-ব্। ১৮। ইন্না-সাখ্খার্নাল্ জ্বিবা-লা মা'আহূ ইয়ুসাব্বিহ্না বিল্'আশিয়্যি অল্ ইশ্র-ক্ব্।
প্রত্যাবর্তনকারী। (১৮) আর পাহাড়কে নিশ্চয়ই আমি অনুগত করেছি, সকাল-সন্ধ্যায় তার সঙ্গে মহিমা ঘোষণা করত

﴿١٩﴾ وَالطَّيْرَ مَحْشُورَةً ۖ كُلٌّ لَّهُۥٓ أَوَّابٌ ﴿٢٠﴾ وَشَدَدْنَا مُلْكَهُۥ وَآتَيْنَٰهُ الْحِكْمَةَ وَفَصْلَ

১৯। অত্ব্ত্বোয়াইর মাহ্শূরাহ্; কুল্লু্ল্ লাহূ ~ আওওয়া-ব্। ২০। অশাদাদ্না- মুল্কাহূ অআ-তাইনা-হুল্ হিক্মাতা অফাছ্লাল্
(১৯) সমবেত পক্ষীকুলকেও; সকলেই তাঁর অভিমুখী। (২০) আর তার রাজ্যকে সুদৃঢ় করেছি, দিয়েছি হেকমত ও বিচার

الْخِطَابِ ﴿٢١﴾ وَهَلْ أَتَىٰكَ نَبَؤُا الْخَصْمِ ۘ إِذْ تَسَوَّرُوا الْمِحْرَابَ ﴿٢٢﴾ إِذْ دَخَلُوا عَلَىٰ

ওয়াক্ফে লাযেম

খিত্বোয়া-ব্। ২১। অহাল্ আতা-কা নাবায়ুল্ খাছ্মি। ইয্ তাসাওয়্যারুল্ মিহ্র-ব্। ২২। ইয্ দাখালূ 'আলা-
ক্ষমতা।(২১) বিবাদীদের খবর এসেছে কি? যখন তারা মিহ্রাবে প্রবেশ করেছিল, (২২) আর যখন তারা দাউদের নিকট

دَاوُدَ فَفَزِعَ مِنْهُمْ ۖ قَالُوا لَا تَخَفْ ج خَصْمَانِ بَغَىٰ بَعْضُنَا عَلَىٰ بَعْضٍ فَاحْكُمْ

দা-যূদা ফা ফাযি'আ মিন্হুম্ ক্ব-লূ লা-তাখফ্ খছ্মা-নি বাগ- বা'দ্বুনা- 'আলা-বা'দ্বিন্ ফাহ্কুম্
পৌঁছল তখন সে ভয় পেয়ে গেল; তারা বলল, আপনি ভয় পাবেন না, আমরা বিবাদী, একে অন্যের ওপর জুলুম করেছি, ন্যায়

بَيْنَنَا بِالْحَقِّ وَلَا تُشْطِطْ وَاهْدِنَآ إِلَىٰ سَوَآءِ الصِّرَاطِ ﴿٢٣﴾ إِنَّ هَٰذَآ أَخِي تف لَهُۥ تِسْعٌ

বাইনানা-বিল্হাক্ব্ক্বি অলা-তুশ্ত্বিত্ব অহ্দিনা ~ ইলা-সাওয়া — য়িছ্ ছির-ত্ব। ২৩। ইন্না হা-যা ~ আখী লাহূ তিস্'উও
বিচার করে দিন, অবিচার নয়, এবং আমাদেরকে সঠিক পথ বলে দিন।(২৩) এ ব্যক্তি আমার ভাই, এর আছে নিরানব্বইটি দুম্বা,

শানেনুযূল আয়াত-১৬ ঃ রাসূলুল্লাহ (ছঃ) যখন কিয়ামত ও জাহান্নামের আগুনের বর্ণনা দিলেন, তখন বকর ইবনে হারেছ অবিশ্বাসের সুরে বিদ্রূপাত্মকভাবে উপরোক্ত উক্তি করল। হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন, সূরায়ে হাক্কাতে "যখন ঈমানদারদেরকে ডান হাতে আমলনামা দেয়া হবে এবং জাহান্নামীদেরকে তাদের বাম হাতে দেয়া হবে" এ উক্তি নাযিল হল, তখন কাফেররা ঠাট্টা করে বলল, আমাদের এখনই আমলনামা দিয়ে দাও। তখন এ আয়াতটি নাযিল হয়। আয়াত-২১ ঃ হযরত দাউদ (আঃ) তিন দিনের একটি কম তালিকা নির্ধারণ করেছিলেন- বিচারের জন্য একদিন, একদিন স্ত্রীদের নিকট অবস্থানের জন্য একদিন, ইবাদতের জন্য একদিন। ইবাদতের দিন তাঁর কক্ষে কারো প্রবেশাধিকার ছিল না। পাহারাদার নিয়োজিত ছিল। এজন্য কয়েক লোক কক্ষের দেওয়াল বেয়ে তাঁর নিকট আসল। (মুঃ কোঃ)

وَتِسْعُونَ نَعْجَةً وَلِيَ نَعْجَةٌ وَاحِدَةٌ فَقَالَ أَكْفِلْنِيهَا وَعَزَّنِي فِي الْخِطَابِ

অ তিস্‌'উনা না'জ্বাতাঁও অলিয়া না'জ্বাতুও ওয়া-হিদাতুন্ ফাক্ব-লা আক্‌ফিল্‌নীহা অ'আয্‌যানী ফিল্ খিত্বোয়া-ব্।

আর আমার আছে মাত্র একটি দুম্বা, এরপরও সে বলছে, তোমার দুম্বটিও আমাকে দিয়ে দাও; কথায়ও সে চাপ দিচ্ছে।

(২৪) قَالَ لَقَدْ ظَلَمَكَ بِسُؤَالِ نَعْجَتِكَ إِلَىٰ نِعَاجِهِ ۖ وَإِنَّ كَثِيرًا مِنَ الْخُلَطَاءِ

২৪। ক্ব-লা লাক্বদ্ জোয়ালামাকা বিসূয়া-লি না'জ্বাতিকা ইলা-নি'আজ্বিহ্; অইন্না কাছীরম্ মিনাল্ খুলাত্বোয়া — য়ি

(২৪) সে বলল, তোমার দুম্বাকে তার দুম্বার সঙ্গে চেয়ে তুমি তার প্রতি জুলুম করেছ, আর অধিকাংশ অংশীদাররাই পরস্পরের

لَيَبْغِي بَعْضُهُمْ عَلَىٰ بَعْضٍ إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَقَلِيلٌ مَا هُمْ ۗ

লাইয়াব্‌গী বা'দ্বুহুম্ 'আলা- বা'দ্বিন্ ইল্লাল্লাযীনা আ-মানূ অ 'আমিলুছ্ ছোয়া-লিহা-তি অক্বলীলুম্ মা-হুম্;

প্রতি অবিচার করে থাকে, তবে যারা ঈমান এনেছে ও নেক কাজ করেছে তারা ছাড়া, এ সংখ্যা কম। আর দাউদ বুঝল,

وَظَنَّ دَاوُودُ أَنَّمَا فَتَنَّاهُ فَاسْتَغْفَرَ رَبَّهُ وَخَرَّ رَاكِعًا وَأَنَابَ ۩ (২৫) فَغَفَرْنَا لَهُ ذَٰلِكَ ۖ

সেজদা

অ জোয়ান্না দা-যূদু আন্নামা-ফাতান্না- হু ফাস্‌তাগ্‌ফার রব্বাহূ অখর্‌র- র- কিআঁও অআনা-ব্। ২৫। ফাগাফার্‌না-লাহূ যা-লিক্;

তাকে আমি পরীক্ষা করেছি, সে স্বীয় রবের নিকট ক্ষমা চেয়েছে, এবং নত হয়েছে। (২৫) তাকে ক্ষমা করলাম, আমার

وَإِنَّ لَهُ عِنْدَنَا لَزُلْفَىٰ وَحُسْنَ مَآبٍ (২৬) يَا دَاوُودُ إِنَّا جَعَلْنَاكَ خَلِيفَةً فِي الْأَرْضِ

অ ইন্না-লাহূ ই'ন্‌দানা-লাযুল্‌ফা- অহুস্‌না মায়া-ব্। ২৬। ইয়া-দায়ূদু ইন্না-জ্বা'আল্‌না-কা খলীফাতান্ ফিল্ আর্‌দ্বি

কাছে উচ্চ মর্যাদা, শুভ পরিণাম আছে। (২৬) হে দাউদ! আমি তোমাকে যমীনে আমার প্রতিনিধি করেছি, লোকের

فَاحْكُمْ بَيْنَ النَّاسِ بِالْحَقِّ وَلَا تَتَّبِعِ الْهَوَىٰ فَيُضِلَّكَ عَنْ سَبِيلِ اللَّهِ ۚ إِنَّ

ফাহ্‌কুম্ বাইনান্না-সি বিল্‌হাক্ব্‌ক্বি অলা-তাত্তাবি'ইল্ হাওয়া-ফাইয়ুদ্বিল্লাকা 'আন সাবীলিল্লা-হি; ইন্নাল্

মাঝে তুমি ন্যায়বিচার করবে। কুপ্রবৃত্তির অনুগামী হবে না, যদি হও, তবে আল্লাহর পথ হতে তোমাকে বিচ্যুত করে দেব, নিশ্চয়ই

الَّذِينَ يَضِلُّونَ عَنْ سَبِيلِ اللَّهِ لَهُمْ عَذَابٌ شَدِيدٌ بِمَا نَسُوا يَوْمَ الْحِسَابِ ع

লাযীনা ইয়াদ্বিল্লূনা 'আন সাবীলিল্লা-হি লাহুম 'আযা-বুন শাদীদুম্ বিমা- নাসূ ইয়াওমাল হিসা-ব।

যারা আল্লাহর পথ হতে বিচ্যুত হয়, তাদের জন্য রয়েছে পীড়াদায়ক আযাব; কারণ, হিসাবের দিনকে তারা ভুলে আছে।

ع ২ ১২ ১১ রুকু

(২৭) وَمَا خَلَقْنَا السَّمَاءَ وَالْأَرْضَ وَمَا بَيْنَهُمَا بَاطِلًا ۚ ذَٰلِكَ ظَنُّ الَّذِينَ كَفَرُوا ۚ

২৭। অমা-খলাক্ব্‌নাস্ সামা — য়া অল্ আর্‌দ্বোয়া অমা-বাইনাহুমা- বা-ত্বিলা-; যা-লিকা জোয়ান্নুল্ লাযীনা কাফারূ

(২৭) আসমান-যমীন ও তদস্থ বস্তুসমূহ আমি এমনি এমনি সৃষ্টি করি নি; এটাই কাফেরদের ধারণা। অনন্তর কাফেরদের জন্য

فَوَيْلٌ لِلَّذِينَ كَفَرُوا مِنَ النَّارِ (২৮) أَمْ نَجْعَلُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ

ফাওয়াইলুল্ লিল্লাযীনা কাফারূ মিনান্না-র্। ২৮। আম্ নাজ্ব্‌'আলু ল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি

জাহান্নামের দুর্ভোগ রয়েছে। (২৮) যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে তাদেরকে কি বিপর্যয়কারীদের সমান

সিজদাহ্-১০

كَالْمُفْسِدِيْنَ فِي الْاَرْضِ اَمْ نَجْعَلُ الْمُتَّقِيْنَ كَالْفُجَّارِ ﴿٢٨﴾ كِتٰبٌ اَنْزَلْنٰهُ اِلَيْكَ

কাল্‌মুফ্‌সিদীনা ফিল্ আর্‌দ্বি আম্ নাজ্‌'আলুল্ মুত্তাক্বীনা কাল্‌ফুজ্জা-র্। ২৯। কিতা-বুন্ আন্‌যাল্‌না-হু ইলাইকা

গণ্য করব? না কি যারা মুত্তাকী তাদেরকে, যারা পাপী তাদের সমান গণ্য করব? (২৯) আপনাকে প্রদান করেছি, কল্যাণময়

مُبٰرَكٌ لِّيَدَّبَّرُوْٓا اٰيٰتِهٖ وَلِيَتَذَكَّرَ اُولُوا الْاَلْبَابِ ﴿٢٩﴾ وَوَهَبْنَا لِدَاوٗدَ سُلَيْمٰنَ ؕ

মুবা-রকুল্ লিইয়াদ্দাব্বারূ ~ আ-ইয়া-তিহী অলিয়া তাযাক্কারা উলুল্ আল্‌বা-ব্। ৩০। অ অহাব্‌না- লিদা-ঊদা সুলাইমা-ন্;

গ্রন্থ যেন মানুষ বুঝে, আর যারা জ্ঞানী তারাই উপদেশ গ্রহণ করে।(৩০) আর আমি দাউদকে উত্তম বান্দাহ সুলাইমানকে

نِعْمَ الْعَبْدُ ؕ اِنَّهٗٓ اَوَّابٌ ﴿٣٠﴾ اِذْ عُرِضَ عَلَيْهِ بِالْعَشِيِّ الصّٰفِنٰتُ الْجِيَادُ ﴿٣١﴾ فَقَالَ

নি'মাল্ 'আব্‌দ্; ইন্নাহূ ~ আওঅ-ব্। ৩১। ইয্ উ'রিদ্বোয়া 'আলাইহি বিল্'আশিয়্যিহ্ ছোয়া-ফিনা-তুল্ জ্বিয়া-দ্। ৩২। ফাক্বা-লা

দিয়েছি, নিশ্চয়ই সে আল্লাহ অভিমুখী। (৩১) যখন সন্ধার সময় তার সামনে দ্রুতগামী অশ্ব পেশ করা হল, (৩২) বলল,

اِنِّيْٓ اَحْبَبْتُ حُبَّ الْخَيْرِ عَنْ ذِكْرِ رَبِّيْ ۚ حَتّٰى تَوَارَتْ بِالْحِجَابِ ﴿٣٢﴾ رُدُّوْهَا

ইন্নী ~ আহ্‌বাব্‌তু হুব্বাল্ খইরি 'আন্ যিক্‌রি রব্বী হাত্তা-তাওয়া-রাত্ বিল্‌হিজা-ব্। ৩৩। রুদ্দূহা-

আমি রবের স্মরণ হতে গাফেল হয়ে সম্পদকে ভালবেসেছি, এমন কি সূর্য পর্যন্ত অস্ত গেল; (৩৩) পুনরায় সেগুলো আমার

عَلَيَّ ؕ فَطَفِقَ مَسْحًۢا بِالسُّوْقِ وَالْاَعْنَاقِ ﴿٣٣﴾ وَلَقَدْ فَتَنَّا سُلَيْمٰنَ وَاَلْقَيْنَا عَلٰى

'আলাই; ফাত্বোয়াফিক্বা মাস্‌হাম্ বিস্‌সূক্বি অল্ 'আনা-ক্ব। ৩৪। অলাক্বদ্ ফাতান্না-সুলাইমা-না অআল্‌ক্বইনা 'আলা-

সামনে আন, অনন্তর সে তাদের পা ও গলা ছেদন করতে লাগল।(৩৪) সুলাইমানকে পরীক্ষা করলাম, তার আসনে একটি

كُرْسِيِّهٖ جَسَدًا ثُمَّ اَنَابَ ﴿٣٤﴾ قَالَ رَبِّ اغْفِرْ لِيْ وَهَبْ لِيْ مُلْكًا لَّا يَنْۢبَغِيْ لِاَحَدٍ

কুর্‌সিয়্যিহী জ্বাসাদান্ ছুম্মা আনা-ব্। ৩৫। ক্বা-লা রব্বিগ্ ফির্‌লী অহাব্‌লী মুল্‌কাল্ লা-ইয়াম্‌বাগী লিআহাদিম্

দেহ রাখলাম, সে রুজু হল। (৩৫) বলল, হে আমার রব! আমাকে ক্ষমা কর, আমাকে এমন রাজ্য দাও যার মালিক আমি

مِّنْۢ بَعْدِيْ ۚ اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ ﴿٣٥﴾ فَسَخَّرْنَا لَهُ الرِّيْحَ تَجْرِيْ بِاَمْرِهٖ رُخَآءً

মিম্ বা'দী ইন্নাকা আন্‌তাল্ অহ্‌হা-ব্। ৩৬। ফাসাখ্‌খার্‌না-লাহুর্ রীহা তাজ্‌রী বিআম্‌রিহী রুখ — য়ান্

ছাড়া যেন আর কেউ না হয়, তুমিই পরম দাতা। (৩৬) অনন্তর বায়ুকে তার বশীভূত করলাম, যেখানে যেতে চাইতো মৃদু

حَيْثُ اَصَابَ ﴿٣٦﴾ وَالشَّيٰطِيْنَ كُلَّ بَنَّآءٍ وَّغَوَّاصٍ ﴿٣٧﴾ وَّاٰخَرِيْنَ مُقَرَّنِيْنَ فِي

হাইছু আছোয়া-ব্। ৩৭। অশ্‌শাইয়া ত্বীনা কুল্লা বান্না — য়িঁও ওয়া গাওঅ-ছ্। ৩৮। অআ-খরীনা মুক্বর্‌রনীনা ফিল্

গতিতে প্রবাহিত হত। (৩৭) আর শয়তানদের (জিনদের), প্রত্যেকেই ইমারত নির্মাতা ও ডুবুরি ছিল। (৩৮) আর বন্দি ছিল

আয়াত-২৯ ঃ ইবনে ওমর (রাঃ) আট বছরে শুধু সূরা বাকারা মুখস্থ করেন, সাহাবারা যেভাবে কোরআনের শব্দাবলীর শিক্ষা নবী করীম (ছঃ) হতে লাভ করেছিলেন, এভাবে তার অর্থও শিক্ষা লাভ করেন। (বঃ কোঃ) আয়াত-৩২ঃ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত যে, তাঁর গাম্ভীর্য ও প্রবল প্রতাপের কারণে নামাযের কথা স্মরণ করায়ে দিতে কোন ভৃত্যের সাহস হল না। পরে নিজেই সচেতন হয়ে বললেন, "আফসুস্! সম্পদের মোহে স্বীয় প্রভুর স্মরণ থেকে গাফেল হয়ে গেলাম।" (বঃ কোঃ) আয়াত-৩৩ ঃ সুলায়মান (আঃ) তাঁর মাদী ঘোড়া সমুদ্রের কিনারায় বেঁধে রাখলে সামুদ্রিক ঘোড়া বের হয়ে ঐ মাদী ঘোড়ার সাথে মিলনে বাচ্চা জন্মে বড় হয়ে যুদ্ধের উপযোগী হল। সুলায়মান (আঃ) তাদিগকে দেখতে গিয়ে আছরের নামায কাযা হলে আল্লাহর মহব্বতে তিনি ঘোড়াগুলোকে জবেহ করে ফেললেন। এজন্য আল্লাহ তাঁর প্রশংসা করলেন। (মুঃ কোঃ)

الْأَصْفَادِ ﴿٣٩﴾ هَٰذَا عَطَاؤُنَا فَامْنُنْ أَوْ أَمْسِكْ بِغَيْرِ حِسَابٍ ﴿٤٠﴾ وَإِنَّ لَهُ عِندَنَا

আছ্ফা-দ্। ৩৯। হা-যা- 'আত্বোয়া — য়ুনা ফাম্নুন্ আও আম্সিক্ বিগইরি হিসা-ব্। ৪০। অইন্না-লাহূ 'ইন্দানা-

আরও অনেকে।(৩৯) এটা আমার অনুগ্রহ, দান কর বা রাখ, কোন হিসাব দিতে হবে না। (৪০) আর আমার কাছে রয়েছে

لَزُلْفَىٰ وَحُسْنَ مَآبٍ ﴿٤١﴾ وَاذْكُرْ عَبْدَنَا أَيُّوبَ إِذْ نَادَىٰ رَبَّهُ أَنِّي مَسَّنِيَ

লা-যুল্ফা- অহুস্না- মায়া-ব্। ৪১। অয্কুর্ 'আব্দানা ~ আইয়্যুব্। ইয্ নাদা-রব্বাহূ ~ আন্নী মাস্ সানিয়াশ্

তার জন্য মর্যাদা ও সুভপরিণাম। (৪১) আর স্মরণ করুন, আমার বান্দাহ আইউবকে, যখন সে তার রবকে ডেকে বলল,

الشَّيْطَانُ بِنُصْبٍ وَعَذَابٍ ﴿٤٢﴾ ارْكُضْ بِرِجْلِكَ ۖ هَٰذَا مُغْتَسَلٌ بَارِدٌ وَشَرَابٌ *

শাইত্বোয়া-নু বিনুছ্বিঁও অ'আযা-ব্। ৪২। উর্কুদ্ব বিরিজ্‌লিকা হা-যা-মুগ্তাসালুম্ বা -রিদুঁও অশার-ব্।

শয়তান আমাকে কষ্ট ও যন্ত্রণায় ফেলল। (৪২) পা দিয়ে আঘাত কর, এটা তোমাদের জন্য গোসলের ঠাণ্ডা পানি ও পানীয়।

﴿٤٣﴾ وَوَهَبْنَا لَهُ أَهْلَهُ وَمِثْلَهُم مَّعَهُمْ رَحْمَةً مِّنَّا وَذِكْرَىٰ لِأُولِي الْأَلْبَابِ *

৪৩। অওয়াহাব্না-লাহূ ~ আহ্লাহূ অমিছ্লাহুম্ মা'আহুম্ রহ্মাতাম্ মিন্না-অযিক্র- লিউলিল্ আল্বা-ব্।

(৪৩) আর আমি দান করলাম পরিবার ও সমপরিমাণ লোক, আমার পক্ষ থেকে রহমত এবং জ্ঞানীদের জন্য উপদেশ স্বরূপ।

﴿٤٤﴾ وَخُذْ بِيَدِكَ ضِغْثًا فَاضْرِب بِّهِ وَلَا تَحْنَثْ ۗ إِنَّا وَجَدْنَاهُ صَابِرًا ۚ نِّعْمَ الْعَبْدُ ۖ

৪৪। অখুয্ বিয়াদিকা দ্বিগ্ছান্ ফাদ্বরিব্ বিহী অলা-তাহ্নাছ্; ইন্না-অজাদ্না-হু ছোয়া-বির-; নি'মাল্ 'আব্দ;

(৪৪) আর এক মুষ্টি তৃণ নিয়ে তাকে আঘাত কর, কসম ভঙ্গ করো না। নিশ্চয়ই আমি তাকে ধৈর্যশীল পেলাম, উত্তম বান্দা,

إِنَّهُ أَوَّابٌ ﴿٤٥﴾ وَاذْكُرْ عِبَادَنَا إِبْرَاهِيمَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ أُولِي الْأَيْدِي وَالْأَبْصَارِ *

ইন্নাহূ ~ আওয়্যা-ব্। ৪৫। অয্কুর্ 'ইবা-দানা ~ ইব্রা-হীমা অইস্হা-ক্ব অ ইয়া'কূবা উলিল্ আইদী অল্ আব্ছোয়া-র্।

নিশ্চয়ই সে ছিল রুজুকারী।(৪৫) স্মরণ করুণ, আমার বান্দাহ ইব্রাহীম্, ইসহাক ও ইয়া'কুবের কথা, তারা শক্তিশালী চক্ষুস্মান ছিল।

﴿٤٦﴾ إِنَّا أَخْلَصْنَاهُم بِخَالِصَةٍ ذِكْرَى الدَّارِ ﴿٤٧﴾ وَإِنَّهُمْ عِندَنَا لَمِنَ الْمُصْطَفَيْنَ الْأَخْيَارِ *

৪৬। ইন্না ~ আখ্লাছ্না-হুম্ বিখ-লিছোয়াতিন্ যিক্রদ্দা-র্। ৪৭। অ ইন্নাহুম্ 'ইন্দানা-লামিনাল্ মুছ্ত্বোয়াফাইনাল্ আখ্ইয়া-র্।

(৪৬) 'পরকালের স্মরণ' গুণের বিশেষ গুণের মালিক করেছি। (৪৭) আর তারা ছিল আমার নিকট মনোনীত ও উত্তম বান্দাহ।

﴿٤٨﴾ وَاذْكُرْ إِسْمَاعِيلَ وَالْيَسَعَ وَذَا الْكِفْلِ ۖ وَكُلٌّ مِّنَ الْأَخْيَارِ ﴿٤٩﴾ هَٰذَا ذِكْرٌ ۚ وَإِنَّ

৪৮। অয্কুর্ ইস্মা-'ঈলা অল্ইয়াসা'আ অযাল্ কিফ্ল্; অ কুল্লু্ম্ মিনাল্ আখ্ইয়া-র্। ৪৯। হা-যা-যিক্র্; অ ইন্না-

(৪৮) স্মরণ করুন, ইসমাঈল, আল-ইয়াসা ও যুল-কিফ্লের কথা, প্রত্যেকেই ছিল উত্তম বান্দাহ। (৪৯) এটা উপদেশ,

لِلْمُتَّقِينَ لَحُسْنَ مَآبٍ ﴿٥٠﴾ جَنَّاتِ عَدْنٍ مُّفَتَّحَةً لَّهُمُ الْأَبْوَابُ ﴿٥١﴾ مُتَّكِئِينَ فِيهَا

লিল্মুত্তাক্বীনা লাহুস্না মায়া-ব্। ৫০। জান্না-তি 'আদ্নিম্ মুফাত্তাহাতাল্ লাহুমুল্ আব্ওয়া-ব্। ৫১। মুত্তাকিয়ীনা ফীহা-

মুত্তাকীদের জন্য উত্তম বাসস্থান আছে। (৫০) চিরস্থায়ী জান্নাত, যার দ্বার তাদের জন্য উন্মুক্ত। (৫১) সেখানে তারা হেলান

৩ ১৪ ১২ রুকু

يَدْعُونَ فِيهَا بِفَاكِهَةٍ كَثِيرَةٍ وَشَرَابٍ ﴿٥١﴾ وَعِندَهُمْ قَاصِرَاتُ الطَّرْفِ أَتْرَابٌ ﴿٥٢﴾

ইয়াদ্উ'না ফীহা-বিফা-কিহাতিন্ কাছীরাতিঁও অশার-ব্। ৫২। অ'ইন্দাহুম্ ক্বা-ছিরাতুত্ব ত্বোয়ার্ফি আত্র-ব্।

দিয়ে উপবেশন করবে, বহু ফল ও পানীয়ের নির্দেশ দেবে। (৫২) আর তাদের কাছে আনত নয়না, সম বয়স্কা হুররা থাকবে।

هَٰذَا مَا تُوعَدُونَ لِيَوْمِ الْحِسَابِ ﴿٥٣﴾ إِنَّ هَٰذَا لَرِزْقُنَا مَا لَهُ مِن نَّفَادٍ ﴿٥٤﴾ هَٰذَا ۚ

৫৩। হা-যা-মা- তূ'আদূনা লিইয়াওমিল্ হিসা-ব্। ৫৪। ইন্না-হাযা-লারিয্কুনা- মা-লাহূ মিন্ নাফা-দ্। ৫৫। হা-যা-;

(৫৩) এটাই হিসাব দিনের প্রদত্ত প্রতিশ্রুতি। (৫৪) নিশ্চয়ই এটা আমারই দেয়া রিযিক, যার শেষ নেই। (৫৫) এটা;

وَإِنَّ لِلطَّاغِينَ لَشَرَّ مَآبٍ ﴿٥٥﴾ جَهَنَّمَ يَصْلَوْنَهَا فَبِئْسَ الْمِهَادُ ﴿٥٦﴾ هَٰذَا ۖ فَلْيَذُوقُوهُ

অ ইন্না-লিত্ব্ ত্বোয়া-গীনা লাশার্রা মায়া-ব্।৫৬। জ্বাহান্নামা ইয়াছ্লাওনাহা-ফাবি'সাল্ মিহা-দ্। ৫৭। হা-যা-ফাল্ ইয়াযূক্বূহু

অবাধ্যদের জন্য নিকৃষ্ট পরিণাম।(৫৬) জাহান্নাম, তাতে তারা প্রবেশ করবে, তা নিকৃষ্ট আবাস। (৫৭) এটা গরম পানি ও

حَمِيمٌ وَغَسَّاقٌ ﴿٥٧﴾ وَآخَرُ مِن شَكْلِهِ أَزْوَاجٌ ﴿٥٨﴾ هَٰذَا فَوْجٌ مُّقْتَحِمٌ مَّعَكُمْ

হামীমুঁও অগাস্সা-ক্ব। ৫৮। অআ-খারু মিন্ শাক্লিহী ~ আয্ওয়া-জ্ব। ৫৯। হা-যা-ফাওজ্জুম্ মুক্বুতাহিমুম্ মা'আকুম্

পুঁজ তারা তা উপভোগ করুক। (৫৮) আর এ ধরনের আরো বিভিন্ন শাস্তি। (৫৯) এ দল তোমাদের সঙ্গে প্রবেশ করেছে।

لَا مَرْحَبًا بِهِمْ ۚ إِنَّهُمْ صَالُو النَّارِ ﴿٥٩﴾ قَالُوا بَلْ أَنتُمْ ۖ لَا مَرْحَبًا بِكُمْ ۚ أَنتُمْ

লা-মার্হাবাম্ বিহিম্ ইন্নাহুম্ ছোয়া-লুন্ না-র্। ৬০। ক্বা-লূ বাল্ আন্তুম্ লা-মারহা-বাম্ বিকুম্; আন্তুম্

অথচ তাদের জন্য নেই অভিনন্দন, জাহান্নামে তারা জ্বলবে। (৬০) অনুসারীরা বলবে, বরং তোমরাও; অভিনন্দন পাবে না,

قَدَّمْتُمُوهُ لَنَا ۖ فَبِئْسَ الْقَرَارُ ﴿٦٠﴾ قَالُوا رَبَّنَا مَن قَدَّمَ لَنَا هَٰذَا فَزِدْهُ عَذَابًا

ক্বদ্দাম্ তুমূহু লানা-ফাবি'সাল্ ক্বর-র্। ৬১। ক্বা-লূ রব্বানা-মান্ ক্বদ্দামা লানা-হা-যা-ফাযিদ্হু 'আযা-বান্

তোমরাই তা আমাদের জন্য পেশ করেছ, বড়ই নিকৃষ্ট এ আবাস।(৬১) তারা বলবে, হে আমাদের রব! এটা যে পেশ করেছে, তার

ضِعْفًا فِي النَّارِ ﴿٦١﴾ وَقَالُوا مَا لَنَا لَا نَرَىٰ رِجَالًا كُنَّا نَعُدُّهُم مِّنَ الْأَشْرَارِ

দি'ফান্ ফিন্না-র্।৬২। অক্বা-লূ মা-লানা-লা-নার-রিজ্বা-লান্ কুন্না-না'উদ্দুহুম্ মিনাল্ আশ্র-র্।

শাস্তি দ্বিগুণ বাড়িয়ে দাও। (৬২) তারা বলবে, কি হল, আমরা যাদেরকে মন্দ জানতাম, তাদেরকে দেখছি না কেন?

أَتَّخَذْنَاهُمْ سِخْرِيًّا أَمْ زَاغَتْ عَنْهُمُ الْأَبْصَارُ ﴿٦٢﴾ إِنَّ ذَٰلِكَ لَحَقٌّ تَخَاصُمُ أَهْلِ

৬৩। আত্তাখয্না-হুম্ সিখ্রিয়্যান্ আম্ যা-গাত্ 'আন্হুমুল্ আব্ছোয়া-র্। ৬৪। ইন্না যা-লিকা লাহাক্ব্ক্বুন্ তাখা-ছুমু আহ্লিন্

(৬৩) তবে কি আমরা তাদেরকে অহেতুক ঠাট্টা করতাম, না আমাদের দৃষ্টি ভ্রম ঘটেছে? (৬৪) নিশ্চয়ই দোযখীদের এ বিবাদ

আয়াত-৬১ ঃ একে অপরের প্রতি বিপথগামী করার ব্যাপারে যখন দোষারোপ করতে থাকবে তখন অনুবর্তী লোকেরা নিজেদের নেতাদের সঙ্গে সম্বোধনের পালা বাদ দিয়ে আল্লাহ্ তা'আলাকে সম্বোধন করে বলবে, হে আমাদের রব! যে ব্যক্তির কারণে আমাদের এ দুরবস্থা তাকে দ্বিগুন আযাব দাও– এক গুণ নিজেদের বিপথগামী হওয়ার জন্য অপর গুণ অন্যদেরকে বিপথগামী করার জন্য।
আয়াত-৬৫ ঃ এটি আর একটি সন্তাপের বিষয় হবে– এ কাফের মুশরিক লোকেরা যে সকল নিরীহ, দুঃস্থ মুসলমানকে পৃথিবীতে উপহাস করেছিল এবং গোমরাহ্ বলত, তাদেরকে যখন সঙ্গে দেখবে না তখন বলবে, তাদেরকে দেখছিনা কেন? তখন তারা উপলব্ধি করবে, জাহান্নামে কেন তারা পতিত হল অথচ তারা জান্নাতে পৌঁছে গিয়াছে। এতে তাদের অনুতাপ আরও দ্বিগুণ হয়ে যাবে।

৪ ع ২৪ ১৩ রুকু

النَّارِ ﴿٦٥﴾ قُلْ إِنَّمَا أَنَا مُنذِرٌ ۖ وَمَا مِنْ إِلَٰهٍ إِلَّا اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿٦٦﴾ رَبُّ

না-র্। ৬৫। কু্ল্ ইন্নামা ~ আনা মুন্যিরুঁও অমা- মিন্ ইলাহিন্ ইল্লাল্লা-হুল্ ওয়া-হিদুল্ ক্বাহ্হা-র্। ৬৬। রব্বুস্
সত্য। (৬৫) বলুন, আমি তো সতর্ককারীমাত্র, আল্লাহ ছাড়া কোন ইলাহ্ নেই; যিনি এক, পরাক্রমশালী। (৬৬) আসমান-

السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا الْعَزِيزُ الْغَفَّارُ ﴿٦٧﴾ قُلْ هُوَ نَبَؤٌا عَظِيمٌ ﴿٦٨﴾ أَنتُمْ عَنْهُ

সামা-ওয়া-তি অল্ আর্দ্বি অমা-বাইনাহুমাল্ 'আযী যুল্ গফ্ফা-র্। ৬৭। কু্ল্ হুওয়া নাবায়ুন্ 'আজীম্। ৬৮। আনতুম আন্হু
যমীন ও তদ্মধ্যস্থিত সব কিছুর রব, পরাক্রমশালী, ক্ষমাশীল।(৬৭) আপনি বলুন, এটা মহা বিবরণ, (৬৮) যা হতে

مُعْرِضُونَ ﴿٦٩﴾ مَا كَانَ لِيَ مِنْ عِلْمٍ بِالْمَلَإِ الْأَعْلَىٰ إِذْ يَخْتَصِمُونَ ﴿٧٠﴾ إِن يُوحَىٰ

মু'রিদ্বূন্। ৬৯। মা-কা-না লিয়া মিন্ 'ইল্মিম্ বিল্ মালায়িল্ আ'লা ~ ইয্ ইয়াখ্তাছিমূন্। ৭০। ইঁ ইয়ূ হা ~
তোমরা মুখ ফিরাচ্ছ। (৬৯) ঊর্ধ্বলোকে তাদের আলোচনা সম্পর্কে আমার জ্ঞান নেই। (৭০) আমার কাছে প্রত্যাদেশ এজন্যই

إِلَيَّ إِلَّا أَنَّمَا أَنَا نَذِيرٌ مُّبِينٌ ﴿٧١﴾ إِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي خَالِقٌ بَشَرًا مِّن

ইলাইয়্যা ইল্লা ~ আন্নামা ~ আনা নাযীরুম্ মুবীন্।৭১। ইয্ ক্ব-লা রব্বুকা লিল্মালা — য়িকাতি ইন্নী খ-লিক্বুম্ বাশারাম্ মিন্
এসেছে যে, আমি সুস্পষ্ট সাবধানকারী। (৭১) যখন আপনার রব ফেরেশতাদেরকে বললেন, নিশ্চয়ই আমি মাটি হতে একজন মানুষ

طِينٍ ﴿٧٢﴾ فَإِذَا سَوَّيْتُهُ وَنَفَخْتُ فِيهِ مِن رُّوحِي فَقَعُوا لَهُ سَاجِدِينَ ﴿٧٣﴾ فَسَجَدَ

ত্বীন্। ৭২। ফাইযা-সাওয়্যাইতুহূ অ নাফাখ্তু ফীহি মির্ রূহী ফাক্বা'উ লাহূ সা-জ্বিদীন্। ৭৩। ফাসাজ্বাদাল্
সৃষ্টি করব, (৭২) যখন আমি তার সৃষ্টি সুসম্পন্ন করব এবং, আমার রূহ ফুঁকব, তখন সেজদা করবে। (৭৩) অতঃপর

الْمَلَائِكَةُ كُلُّهُمْ أَجْمَعُونَ ﴿٧٤﴾ إِلَّا إِبْلِيسَ ۖ اسْتَكْبَرَ وَكَانَ مِنَ الْكَافِرِينَ ﴿٧٥﴾

মালা — য়িকাতু কুল্লুহুম্ আজ্ব্মা'ঊন্। ৭৪। ইল্লা ~ ইব্লীস্; ইস্তাক্বার অকা-না মিনাল্ কা-ফিরীন্।
সেজদা করল ফেরেশ্তারা সবাই। (৭৪) ইবলীস ব্যতীত, সে অহঙ্কার করল, ফলে সে কাফেরদের অর্ন্তভুক্ত হয়ে গেল।

قَالَ يَا إِبْلِيسُ مَا مَنَعَكَ أَن تَسْجُدَ لِمَا خَلَقْتُ بِيَدَيَّ ۖ أَسْتَكْبَرْتَ

৭৫। ক্ব-লা ইয়া ~ ইব্লীসু মা- মানা'আকা আন্ তাস্জ্বুদা লিমা-খলাক্বতু বিইয়াদাই; আস্তাক্বার্তা
(৭৫) বললেন, হে ইবলীস! আমার স্বহস্তের সৃষ্টিকে সেজদা করতে কিসে তোমাকে বাধা দিল? তুমি কি অহংকার করলে,

أَمْ كُنتَ مِنَ الْعَالِينَ ﴿٧٦﴾ قَالَ أَنَا خَيْرٌ مِّنْهُ ۖ خَلَقْتَنِي مِن نَّارٍ وَخَلَقْتَهُ مِن

আম্ কুন্তা মিনাল্ 'আ-লীন্। ৭৬। ক্ব-লা আনা খইরুম্ মিন্হু খলাক্বতানী মিন্ না-রিঁও অখলাক্বতাহূ মিন্
না কি তুমি নিজেকে শ্রেষ্ঠ ভাবলে? (৭৬) সে বলল, আমি শ্রেষ্ঠ। আপনি আমাকে আগুন দিয়ে আর তাকে সৃষ্টি করেছেন

طِينٍ ﴿٧٧﴾ قَالَ فَاخْرُجْ مِنْهَا فَإِنَّكَ رَجِيمٌ ﴿٧٨﴾ وَإِنَّ عَلَيْكَ لَعْنَتِي إِلَىٰ يَوْمِ الدِّينِ

ত্বীন্। ৭৭। ক্ব-লা ফাখ্রুজ্ব্ মিন্হা-ফাইন্নাকা রাজীম্। ৭৮। অইন্না 'আলাইকা লা'নাতী ~ ইলা-ইয়াওমিদ্দীন্।
মাটি দিয়ে।(৭৭) বললেন, বের হয়ে যাও, তুমি বিতাড়িত।(৭৮) আর বিচার দিবস পর্যন্ত আমার লা'নত তোমার প্রতি।

۷۹ قَالَ رَبِّ فَأَنظِرْنِىٓ إِلَىٰ يَوْمِ يُبْعَثُونَ ۸۰ قَالَ فَإِنَّكَ مِنَ ٱلْمُنظَرِينَ

৭৯। ক্ব-লা রব্বি ফাআন্‌যিরনী ~ ইলা-ইয়াওমি ইয়ুব্‌'আছূন্। ৮০। ক্ব-লা ফাইন্নাকা মিনাল্ মুন্‌জোয়ারীন্।
(৭৯) সে বলল, হে আমার রব! কেয়ামত দিবস পর্যন্ত আমাকে অবকাশ দিন। (৮০)(আল্লাহ্) বললেন, অবকাশ দেয়া হল।

۸۱ إِلَىٰ يَوْمِ ٱلْوَقْتِ ٱلْمَعْلُومِ ۸۲ قَالَ فَبِعِزَّتِكَ لَأُغْوِيَنَّهُمْ أَجْمَعِينَ ۸۳ إِلَّا عِبَادَكَ

৮১। ইলা-ইয়াওমিল্ অক্‌তিল্ মা'লূম্। ৮২। ক্ব-লা ফাবিই'য্‌যাতিকা লাউগ্‌ওয়িইয়ান্নাহুম্ আজ্‌মা'ঈন্। ৮৩। ইল্লা-'ইবা-দাকা
(৮১) নির্দিষ্ট দিনের উপস্থিতি পর্যন্ত। (৮২) সে বলল, আপনার ইয্‌যতের কসম! সকলকে বিভ্রান্ত করব। (৮৩) তবে

مِنْهُمُ ٱلْمُخْلَصِينَ ۸۴ قَالَ فَٱلْحَقُّ وَٱلْحَقَّ أَقُولُ ۸۵ لَأَمْلَأَنَّ جَهَنَّمَ مِنكَ

মিন্‌হুমুল্ মুখ্‌লাছীন্। ৮৪। ক্ব-লা ফাল্ হাক্ব্‌ক্বু অল্‌হাক্ব্‌ক্ব আক্বূল্। ৮৫। লাআম্‌লায়ান্না জ্বাহান্নামা মিন্‌কা
যারা খাঁটি বান্দা তারা ছাড়া। (৮৪) বললেন, তবে তাই ঠিক, আর আমি সত্যই বলি। (৮৫) আমি জাহান্নাম পূর্ণ করব

وَمِمَّن تَبِعَكَ مِنْهُمْ أَجْمَعِينَ ۸۶ قُلْ مَآ أَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَآ أَنَا۠

অ মিম্মান্ তাবি'আকা মিন্‌হুম্ আজ্‌মা'ঈন্। ৮৬। ক্বুল্ মা ~ আস্‌য়ালুকুম্ 'আলাইহি মিন্ আজ্‌রিঁও অমা ~
তোমাকে ও তোমার অনুসারীদের দিয়ে। (৮৬) বলুন, আমি তোমাদের কাছে এর কোন প্রতিদান চাই না, এবং আমি

৫ ع ২৪ ১৪ রুকু

مِنَ ٱلْمُتَكَلِّفِينَ ۸۷ إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ لِّلْعَٰلَمِينَ ۸۸ وَلَتَعْلَمُنَّ نَبَأَهُۥ بَعْدَ حِينٍۭ

আনা মিনাল্ মুতাকাল্‌লিফীন্। ৮৭। ইন্ হুওয়া ইল্লা-যিক্‌রুল্ লিল্‌'আ-লামীন্। ৮৮। অলা তা'লামুন্না নাবায়াহূ বা'দা হীন্।
মিথ্যা দাবিদার নই। (৮৭) তা বিশ্ববাসীর জন্য উপদেশ মাত্র। (৮৮) আর এর খবর অনতিকাল পর নিশ্চয়ই জানবে।

সূরা যুমার্
মক্কাবতীর্ণ

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৭৫
রুকূ ঃ ৮

۱ تَنزِيلُ ٱلْكِتَٰبِ مِنَ ٱللَّهِ ٱلْعَزِيزِ ٱلْحَكِيمِ ۲ إِنَّآ أَنزَلْنَآ إِلَيْكَ ٱلْكِتَٰبَ

১। তান্‌যীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ 'আযীযিল্ হাকীম্। ২। ইন্না ~ আন্‌যাল্‌না ~ ইলাইকাল্ কিতা-বা
(১) প্রবল পরাক্রমশালী প্রজ্ঞাময় আল্লাহর তরফ থেকে এ কিতাব অবতারিত। (২) আপনার উপর সত্যসহ এ কিতাব

بِٱلْحَقِّ فَٱعْبُدِ ٱللَّهَ مُخْلِصًا لَّهُ ٱلدِّينَ ۳ أَلَا لِلَّهِ ٱلدِّينُ ٱلْخَالِصُ ۚ وَٱلَّذِينَ

বিল্‌হাক্ব্‌ক্বি ফা'বুদিল্লা-হা মুখ্‌লিছোয়াল্ লাহুদ্ দীন্। ৩। আলা-লিল্লা-হিদ্ দীনুল্ খ-লিছ্; অল্ লাযীনাত্
নাযিল করেছি, অতএব খাঁটি আনুগত্যে আল্লাহর এবাদাত করুন। (৩) ওহে! আর খাঁটি আনুগত্য আল্লাহরই জন্য। যারা

ওয়াক্ফে লাযেম

ٱتَّخَذُوا۟ مِن دُونِهِۦٓ أَوْلِيَآءَ مَا نَعْبُدُهُمْ إِلَّا لِيُقَرِّبُونَآ إِلَى ٱللَّهِ زُلْفَىٰٓ إِنَّ ٱللَّهَ

তাখাযূ মিন্ দূনিহী ~ আওলিয়া — য়্। মা-না'বুদুহুম্ ইল্লা-লিইয়ুক্বর্‌রিবূনা ~ ইলাল্লা-হি যুল্‌ফা-; ইন্নাল্লা-হা
আল্লাহকে ছাড়া বন্ধু নেয়, (বলে) এদের পূজা এ জন্য করি, এরা আমাদেরকে আল্লাহর নৈকট্যে পৌছিয়ে দেবে।' আল্লাহ

يَحْكُمُ بَيْنَهُمْ فِي مَا هُمْ فِيهِ يَخْتَلِفُونَ ۗ إِنَّ اللَّهَ لَا يَهْدِي مَنْ هُوَ كَاذِبٌ كَفَّارٌ ۝

ইয়াহ্কুমু বাইনাহুম্ ফী মা-হুম্ ফীহি ইয়াখ্তালিফূন্; ইন্নাল্লা-হা লা-ইয়াহ্দী মান্ হুওয়া কা-যিবুন্ কাফ্ফা-র্।
তাদের মধ্যে মতভেদযুক্ত বিষয়ে ফয়সালা করবেন। নিশ্চয়ই আল্লাহ্ মিথ্যাবাদী কাফেরদেরকে পথ প্রদর্শন করেন না।

لَوْ أَرَادَ اللَّهُ أَنْ يَتَّخِذَ وَلَدًا لَاصْطَفَىٰ مِمَّا يَخْلُقُ مَا يَشَاءُ ۚ سُبْحَانَهُ ۝٤

৪। লাও আর-দাল্লা-হু আইঁ ইয়াত্তাখিযা অলাদাল্ লাছ্ত্বোয়াফা- মিম্মা-ইয়াখ্লুকু মা-ইয়াশা — য়ু সুব্হা-নাহ্;
(৪) আল্লাহ যদি সন্তান গ্রহণ করতে চাইতেন; তবে স্বীয় সৃষ্টির মধ্য হতে ইচ্ছামত মনোনীত করতেন। তিনি পবিত্র,

هُوَ اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ ۝٥ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ بِالْحَقِّ ۖ يُكَوِّرُ اللَّيْلَ عَلَى

হুওয়াল্লা-হুল্ ওয়া-হিদুল্ ক্বহ্হা-র্। ৫। খলাক্বস্ সামা-ওয়া-তি অল্আর্দ্বোয়া বিল্হাক্ব্ কি্ ইয়ুক্বওয়্যিরুল্লাইলা 'আলান
তিনি আল্লাহ এক, পরাক্রমশালী। (৫) আসমান-যমীন যথাযথভাবে সৃষ্টি করেছেন; রাত দ্বারা তিনি দিনকে আচ্ছাদিত

النَّهَارِ وَيُكَوِّرُ النَّهَارَ عَلَى اللَّيْلِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ يَجْرِي لِأَجَلٍ

নাহা-রি অইয়ুক্বওয়্যিরুন্ নাহা-র 'আলাল্লাইলি অসাখ্খরশ্ শাম্সা অল্ ক্বমার্; কুল্লুইঁ ইয়াজ্রী লিআজ্বালিম্
করেন, আর দিন দ্বারা আচ্ছাদিত করেন রাতকে। তিনি সূর্য-চন্দ্রকে নিয়ন্ত্রণ করেন, প্রত্যেকেই নির্দিষ্টকাল পর্যন্ত ঘুরতে

مُسَمًّى ۗ أَلَا هُوَ الْعَزِيزُ الْغَفَّارُ ۝٦ خَلَقَكُمْ مِنْ نَفْسٍ وَاحِدَةٍ ثُمَّ جَعَلَ مِنْهَا زَوْجَهَا

মুসাম্মা; আলা-হুওয়াল্ 'আযীযুল্ গাফ্ফা-র্। ৬। খলাক্বকুম্ মিন্ নাফ্সিঁও ওয়া-হিদাতিন্ ছুম্মা জ্বা'আলা মিন্হা-যাওজ্বাহা-
থাকবে; তিনিই পরাক্রমশালী, ক্ষমাশীল। (৬) এক ব্যক্তি হতে তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন; তা হতে তোমাদের

وَأَنْزَلَ لَكُمْ مِنَ الْأَنْعَامِ ثَمَانِيَةَ أَزْوَاجٍ ۚ يَخْلُقُكُمْ فِي بُطُونِ أُمَّهَاتِكُمْ خَلْقًا مِنْ

অ আন্যালা লাকুম্ মিনাল্ আন্'আ-মি ছামা-নিয়াতা আয্ওয়া-জ্ব; ইয়াখ্লুক্বুকুম্ ফী বুত্বূনি উম্মাহা-তিকুম্ খল্ক্বম্ মিম্
সংগিনীসৃষ্টি করেছেন; আর তোমাদেরকে প্রদান করেছেন আট প্রকার নর-মাদী চতুষ্পদ জন্তু ; তিনি তোমাদেরকে সৃষ্টি

بَعْدِ خَلْقٍ فِي ظُلُمَاتٍ ثَلَاثٍ ۚ ذَٰلِكُمُ اللَّهُ رَبُّكُمْ لَهُ الْمُلْكُ ۖ لَا إِلَٰهَ إِلَّا هُوَ ۖ فَأَنَّىٰ

বা'দি খল্ক্বিন্ ফী জুলুমা-তিন্ ছালা-ছ্; যা-লিকুমুল্লা-হু রব্বুকুম্ লাহুল্ মুল্ক্; লা ~ ইলা-হা ইল্লা- হুওয়া ফাআন্না-
করেছেন মাতৃগর্ভে ত্রিবিধ অন্ধকারে; তিনি তোমাদের রব আল্লাহ, তাঁরই কর্তৃত্ব। তিনি ছাড়া ইলাহ্ নেই। অতএব তোমরা

تُصْرَفُونَ ۝٧ إِنْ تَكْفُرُوا فَإِنَّ اللَّهَ غَنِيٌّ عَنْكُمْ ۖ وَلَا يَرْضَىٰ لِعِبَادِهِ الْكُفْرَ ۖ

তুছ্রফূন্।৭। ইন্ তাক্ফুরূ ফাইন্না ল্লা-হা গনিয়্যুন্ 'আনকুম্ অলা-ইয়ার্দ্বোয়া- লিই'বা-দিহিল্ কুফ্রা
কোথায় যাচ্ছ? (৭) কুফুরী করলে আল্লাহ তোমাদের মুখাপেক্ষী নন, আর তিনি স্বীয় বান্দার কুফুরী, পছন্দ করেন না

আয়াত-৪ঃ পূর্ববর্তী আয়াতে আল্লাহ শিরক ও পৌত্তলিকতার প্রতিবাদ করে এ আয়াতে খৃষ্টানদের ধর্ম বিশ্বাসের অসত্যতা ও অসারতা ঘোষণা করছেন। অবিশ্বাসী শিরকবাদীরা যেরূপ তাদের উপাস্য প্রস্তর-প্রতিমাগুলোকে আল্লাহর অনুগৃহীত দেব-দেবীর প্রতিচ্ছবি বলে মনে করে, খৃষ্টানরাও তদ্রূপ যিশুখৃষ্টকে আল্লাহর জাত পুত্র' বলে বিশ্বাস ও প্রচার করে। এ প্রেক্ষিতে আল্লাহপাক ঘোষণা করছেন যে, তারা মিথ্যাবাদী ও ভ্রান্ত। সর্বশক্তিমান পবিত্রতম আল্লাহর পক্ষে সন্তান জন্ম দান করার কোন প্রয়োজন নেই। তিনি ইচ্ছা করলে তাঁর সৃষ্টির মধ্য হতেই পুত্র-কন্যা মনোনীত করে নিতে পারতেন। কিন্তু তাঁর জন্য ওইরূপ পুত্র-কন্যা অথবা শরীক ও উত্তরাধিকারীরের কোনই প্রয়োজন নেই।

وَاِنْ تَشْكُرُوْا يَرْضَهُ لَكُمْ ۬ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ۬ ثُمَّ اِلٰى رَبِّكُمْ مَّرْجِعُكُمْ

অ ইন্ তাশ্কুরূ ইয়ার্দ্বোয়াহু লাকুম্; অলা-তাযিরু ওয়া-যিরাতুঁও ওয়িয্রা উখ্রা—; ছুম্মা ইলা-রব্বিকুম্ মার্জ্বি'উকুম্
তোমরা শোকর গুজার হও, এতে তিনি সম্মত। একজন আরেক জনের বোঝা বহন করবে না। পরে রবের কাছেই তোমাদের

فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۬ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ۝٧ وَاِذَا مَسَّ الْاِنْسَانَ

ফাইয়ুনাব্বিয়ুকুম্ বিমা-কুন্তুম্ তা'মালূন্; ইন্নাহূ 'আলীমুম্ বিযা-তিস্ সুদূর্। ৮। অইযা-মাস্সাল্ ইন্সা-না
প্রত্যাবর্তন করতে হবে। তখন তিনি তোমাদের কর্ম জানাবেন; তিনি অন্তরের বিষয় অবগত। (৮) আর যখন মানুষকে দুঃখ স্পর্শ

ضُرٌّ دَعَا رَبَّهٗ مُنِيْبًا اِلَيْهِ ثُمَّ اِذَا خَوَّلَهٗ نِعْمَةً مِّنْهُ نَسِيَ مَا كَانَ يَدْعُوْٓا اِلَيْهِ

দ্বুররুন্ দা'আ রব্বাহূ মুনীবান্ ইলাইহি ছুম্মা ইযা-খাওয়্যালাহূ নি'মাতাম্ মিন্হু নাসিয়া মা-কা-না ইয়াদ্'উ ~ ইলাইহি
করে, তখন সে নিষ্ঠার সাথে আল্লাহকে আহ্বান করে; আর তাদের প্রতি যখন তিনি দয়া করেন, তখন সে ভুলে যায় পূর্বের বিষয়টি।

مِنْ قَبْلُ وَجَعَلَ لِلّٰهِ اَنْدَادًا لِّيُضِلَّ عَنْ سَبِيْلِهٖ ۬ قُلْ تَمَتَّعْ بِكُفْرِكَ قَلِيْلًا ۖ اِنَّكَ

মিন্ ক্বব্লু অজ্বা'আলা লিল্লা-হি আন্দা-দাল্ লিইয়ুদ্বিল্লা 'আন্ সাবীলিহ্; ক্বুল্ তামাত্তা' বিকুফ্রিকা ক্বলীলান্ ইন্নাকা
তারা আল্লাহর শরীক দাঁড় করায় অন্যকে তাঁর পথ হতে ভ্রষ্ট করতে। আপনি বলুন, কুফুরীর মধ্যে থেকে কিছু ভোগ করে নেও।

مِنْ اَصْحٰبِ النَّارِ ۝٨ اَمَّنْ هُوَ قَانِتٌ اٰنَآءَ الَّيْلِ سَاجِدًا وَّقَآئِمًا يَّحْذَرُ الْاٰخِرَةَ

মিন্ আছ্হা-বিন্ না-র্। ৯। আম্মান্ হুওয়া ক্বা-নিতুন্ আ-না — য়াল্ লাইলি সা-জ্বিদাঁও অ ক্বা — য়িমাইঁ ইয়াহ্যারুল্ আ-খিরতা
নিশ্চয়ই তুমি তো জাহান্নামী। (৯) আর সে কি ঐ ব্যক্তির সমান যে রাতে সেজদায় ও দাঁড়িয়ে এবাদত করে, আর

وَيَرْجُوْا رَحْمَةَ رَبِّهٖ ۬ قُلْ هَلْ يَسْتَوِي الَّذِيْنَ يَعْلَمُوْنَ وَالَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ۬

অ ইয়ার্জু রহ্মাতা রব্বিহ্; ক্বুল্ হাল্ ইয়াস্তাওয়িল্ লাযীনা ইয়া'লামূনা অল্লাযীনা লা-ইয়া'লামূন্;
পরকালকে ভয় করে, রবের অনুগ্রহ কামনা করে; আপনি বলে দিন, যারা জ্ঞানী ও অজ্ঞানী, তারা কি সমান হতে পারে?

ع ১ ৯ ১৫ রুকূ

اِنَّمَا يَتَذَكَّرُ اُولُوا الْاَلْبَابِ ۝١٠ قُلْ يٰعِبَادِ الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوْا رَبَّكُمْ ۬ لِلَّذِيْنَ

ইন্নামা-ইয়াতাযাক্কারু উলুল্ আল্বা-ব্। ১০। ক্বুল্ ইয়া-'ইবা-দিল্লাযীনা আ-মানুত্তাক্বূ রব্বাকুম্; লিল্লাযীনা
যারা জ্ঞানী তারাই উপদেশ গ্রহণ করে। (১০) আপনি বলুন, হে মু'মিন বান্দারা! তোমরা তোমাদের রবকে ভয় কর।

اَحْسَنُوْا فِيْ هٰذِهِ الدُّنْيَا حَسَنَةٌ ۬ وَاَرْضُ اللّٰهِ وَاسِعَةٌ ۬ اِنَّمَا يُوَفَّى الصّٰبِرُوْنَ

আহ্সানূ ফী হা-যিহিদ্ দুন্ইয়া-হাসানাহ্;অ আর্দ্বুল্লা-হি ওয়া- সি'আহ্;ইন্নামা ইয়ুওয়াফ্ফাছ্ ছোয়া-বিরূনা
আর যারা কল্যাণ করে তাদের জন্য দুনিয়ায় উত্তম বিনিময় রয়েছে। আল্লাহর যমীন বিস্তৃত। নিশ্চয়ই যারা ধৈর্যশীল তাদেরকে

اَجْرَهُمْ بِغَيْرِ حِسَابٍ ۝١١ قُلْ اِنِّيْٓ اُمِرْتُ اَنْ اَعْبُدَ اللّٰهَ مُخْلِصًا لَّهُ الدِّيْنَ ۝

আজ্রহুম্ বিগইরি হিসা-ব্। ১১। ক্বুল্ ইন্নী ~ উমির্তু আন্ আ'বুদাল্লা-হা মুখ্লিছোয়াল্ লাহুদ্ দীন্।
অগণিত প্রতিদান প্রদান করা হবে। (১১) আপনি বলে দিন, আমি নিষ্ঠার সাথে আল্লাহর ইবাদতের জন্য আদিষ্ট হয়েছি।

(১২) وَأُمِرْتُ لِأَنْ أَكُونَ أَوَّلَ الْمُسْلِمِينَ (১৩) قُلْ إِنِّي أَخَافُ إِنْ عَصَيْتُ

১২। অ উমিরতু লিআন্ আকূনা আউয়্যালাল্ মুস্লিমীন্। ১৩। ক্বুল্ ইন্নী ~ আখ-ফু ইন্ 'আছোয়াইতু
(১২) আর আমি আদিষ্ট হয়েছি যেন আমি অগ্রগামী মুসলিম হই। (১৩) আপনি বলুন, আমি আমার রবের অবাধ্য হলে

رَبِّي عَذَابَ يَوْمٍ عَظِيمٍ (১৪) قُلِ اللَّهَ أَعْبُدُ مُخْلِصًا لَهُ دِينِي (১৫) فَاعْبُدُوا مَا

রব্বী 'আযা-বা ইয়াওমিন্ 'আজীম্। ১৪। ক্বুলিল্লা-হা আ'বুদু মুখ্লিছোয়াল্ লাহূ দ্বীনী। ১৫। ফা'বুদূ মা-
আমি মহাদিবসের শাস্তির আশংকা করি। (১৪) আপনি বলুন, নিষ্ঠার সাথে আল্লাহর ইবাদত করি। (১৫) সুতরাং তোমরা ইবাদত

شِئْتُمْ مِنْ دُونِهِ ۗ قُلْ إِنَّ الْخَاسِرِينَ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ وَأَهْلِيهِمْ يَوْمَ

শি''তুম্ মিন্ দূনিহ্; ক্বুল্ ইন্নাল্ খ-সিরীনাল্ লাযীনা খসিরূ ~ আন্ফুসাহুম্ অআহ্লীহিম্ ইয়াওমাল্
কর আল্লাহ ছাড়া যাকে ইচ্ছা; আপনি বলুন ক্ষতিগ্রস্ত তারাই যারা পরকালে নিজেদের দিক হতে এবং পরিবারের দিক হতে

الْقِيَامَةِ ۗ أَلَا ذَٰلِكَ هُوَ الْخُسْرَانُ الْمُبِينُ (১৬) لَهُمْ مِنْ فَوْقِهِمْ ظُلَلٌ مِنَ النَّارِ

ক্বিয়া-মাহ্; আলা-যা-লিকা হুওয়াল্ খুস্র-নুল্ মুবীন্। ১৬। লাহুম্ মিন্ ফাওক্বিহিম্ জুলালুম্ মিনান্না-রি
ক্ষতিগ্রস্ত হয়েছে। জেনে রেখো তা'ই স্পষ্ট ক্ষতি। (১৬) তাদের জন্য থাকবে অগ্নির আচ্ছাদন তাদের উপরের দিক হতেও

وَمِنْ تَحْتِهِمْ ظُلَلٌ ۚ ذَٰلِكَ يُخَوِّفُ اللَّهُ بِهِ عِبَادَهُ ۚ يَا عِبَادِ فَاتَّقُونِ (১৭) وَالَّذِينَ

অমিন্ তাহ্তিহিম্ জুলাল্; যা-লিকা ইয়ুখওয়িয়্যিফুল্লা-হু বিহী 'ইবা-দাহ্; ইয়া-'ইবা-দি ফাত্তাক্বূন্। ১৭। অল্লাযীনা জ্ব
এবং তাদের নিচের দিক হতেও। এটা দিয়ে আল্লাহ বান্দাহকে সাবধান করুন, হে বান্দাহরা! ভয় কর। (১৭) আর যারা

اجْتَنَبُوا الطَّاغُوتَ أَنْ يَعْبُدُوهَا وَأَنَابُوا إِلَى اللَّهِ لَهُمُ الْبُشْرَىٰ ۚ فَبَشِّرْ عِبَادِ ۞

তানাবুত্ব্ ত্বোয়া-গূতা আইঁ ইয়া'বুদূহা-অআনা-বূ ~ ইলাল্লা-হি লাহুমুল্ বুশ্রা-ফাবাশ্শির্ 'ইবা-দ্।
আল্লাহদ্রোহিতা হতে দূরে থাকে এবং আল্লাহমুখী হয়, তাদের জন্য রয়েছে সুসংবাদ, আমার বান্দাহদেরকে সুখবর দাও।

(১৮) الَّذِينَ يَسْتَمِعُونَ الْقَوْلَ فَيَتَّبِعُونَ أَحْسَنَهُ ۚ أُولَٰئِكَ الَّذِينَ هَدَاهُمُ اللَّهُ

১৮। আল্লাযীনা ইয়াস্তামি'উ নাল্ ক্বওলা ফাইয়াত্তাবি'উনা আহ্সানাহ্; উলা — য়িকাল্ লাযীনা হাদা-হুমুল্লা-হু
(১৮) যারা মন দিয়ে কথা শুনে, যেটি উত্তম সেটি মেনে মনোযোগ সহকারে কথা শ্রবণ করে। আল্লাহ তাদেরকে সৎপথে

وَأُولَٰئِكَ هُمْ أُولُو الْأَلْبَابِ (১৯) أَفَمَنْ حَقَّ عَلَيْهِ كَلِمَةُ الْعَذَابِ ۗ أَفَأَنْتَ

অ উলা— য়িকাহুম্ উলুল্ আল্বা-ব্। ১৯। আফামান্ হাক্ব ক্ব 'আলাইহি কালিমাতুল্ 'আযা-ব্; আফায়ান্তা
পরিচালিত করেন, এরা তারা যারা জ্ঞানবান। (১৯) অতঃপর যার জন্য শাস্তি অবধারিত হয়ে গেছে, আপনি কি এমন ব্যক্তিকে

টীকা-১। আয়াত-১৭ঃ যদিও বিভিন্ন তাফসীরে লিখিত আছে যে, এই আয়াতটি আবূ যর গিফারী (রাঃ), সালমান ফারসী (রাঃ) ও
ইবনে আমর (রাঃ) সম্বন্ধে অবতীর্ণ হয়েছে। কিন্তু ইবনে কাছীর (রঃ) এটিও বিশুদ্ধ মনে করেন যে. আল্লাহর রাসূল (ছঃ) এর যুগে,
ছাহাবাদের যুগে, বর্তমান যুগে বা যেই কোন সময়েই যেই কেউ মূর্তিপূজা বর্জন করে একত্ববাদ গ্রহণ করল, এ ধরনের সকলের জন্য
এ আয়াতটি সত্য হতে পারে। (ইবঃ কাঃ শানেনুযূল ঃ আয়াত-১৯ঃ মহানবী (ছঃ) সমস্ত কোরাইশদের ইসলাম গ্রহণ করবার আশা
করতেন। কিন্তু তারা সকলে ইসলাম গ্রহণ করলনা; বরং তারা তাঁকে বিভিন্নভাবে দুঃখ-কষ্ট দিয়ে থাকত। এতে তিনি অত্যন্ত ব্যথিত
হতেন। এজন্য তাঁকে সান্ত্বনা দেওয়ার উদ্দেশে আল্লাহ্ এ আয়াতটি নাযিল করেন। (ইবঃ কাঃ ও তাফঃ খাযেন)

تُنقِذُ مَن فِي النَّارِ ﴿٢٠﴾ لَٰكِنِ الَّذِينَ اتَّقَوْا رَبَّهُمْ لَهُمْ غُرَفٌ مِّن فَوْقِهَا غُرَفٌ

তুন্‌ক্বিযু মান্ ফিন্না-র্। ২০। লা-কিনিল্ লাযীনাত্ তাক্বাও রব্বাহুম্ লাহুম্ গুরাফুম্ মিন্ ফাওক্বিহা-গুরাফুম্

জাহান্নাম থেকে রক্ষা করতে পারবেন? (২০) কিন্তু যারা তাদের রবকে ভয় করে, তাদের জন্য রয়েছে প্রাসাদের ওপর

مَّبْنِيَّةٌ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ ۖ وَعْدَ اللَّهِ ۖ لَا يُخْلِفُ اللَّهُ الْمِيعَادَ ﴿٢١﴾ أَلَمْ

মাবনিয়্যাতুন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-র্; ওয়া'দাল্লা-হ্; লা-ইয়ুখ্‌লিফুল্লা-হুল্ মী'আ-দ্। ২১। আলাম্

নির্মিত প্রাসাদ, যার পাদদেশে নহরসমূহ সদা প্রবাহিত, এটা আল্লাহর ওয়াদা, আল্লাহ কখনও ওয়াদা ভঙ্গ করেন না। (২১) আপনি

تَرَ أَنَّ اللَّهَ أَنزَلَ مِنَ السَّمَاءِ مَاءً فَسَلَكَهُ يَنَابِيعَ فِي الْأَرْضِ ثُمَّ يُخْرِجُ

তারা আন্নাল্লা-হা আন্‌যালা মিনাস্ সামা — য়ি মা — য়ান্ ফাসালাকাহূ ইয়ানা-বী'আ ফিল্ আর্‌দ্বি ছুম্মা ইয়ুখ্‌রিজু

কি দেখেন না, আল্লাহ আকাশ হতে বৃষ্টি বর্ষণ করেন, যমীনে নদীসমূহ পূর্ণ করে দেন, অতঃপর তা দিয়ে বিভিন্ন রং

بِهِ زَرْعًا مُّخْتَلِفًا أَلْوَانُهُ ثُمَّ يَهِيجُ فَتَرَاهُ مُصْفَرًّا ثُمَّ يَجْعَلُهُ حُطَامًا ۚ إِنَّ فِي ذَٰلِكَ

বিহী যার্'আম্ মুখ্‌তালিফান্ আল্‌ওয়া- নুহূ ছুম্মা ইয়াহীজু ফাতার-হু মুছ্‌ফার্‌রান্ ছুম্মা ইয়াজ্ 'আলুহূ হুত্বোয়া-মা-; ইন্না ফী যা-লিকা

২ এর শস্য ফলিয়ে থাকেন, পরে যখন শুকায়ে পীতবর্ণ দেখে থাকেন, তাকে চুর্ণ-বিচুর্ণ খড় কুটায় পরিণত করেন? এতে রয়েছে

ع ১২ ১৬ রুকু

لَذِكْرَىٰ لِأُولِي الْأَلْبَابِ ﴿٢٢﴾ أَفَمَن شَرَحَ اللَّهُ صَدْرَهُ لِلْإِسْلَامِ فَهُوَ عَلَىٰ نُورٍ مِّن

লাযিক্‌রা- লিউলিল্ আল্‌বা-ব্। ২২। আফামান্ শারহাল্লা-হু ছোয়াদ্‌রহূ লিল্‌ইস্‌লা-মি ফাহুওয়া 'আলা-নূরিম্ মির্

যারা জ্ঞানী তাদের জন্য উপদেশ।(২২) অনন্তর আল্লাহ যার বক্ষ ইসলামের জন্য খুলে দিয়েছেন সে রবের নূরের মাঝে

رَّبِّهِ ۚ فَوَيْلٌ لِّلْقَاسِيَةِ قُلُوبُهُم مِّن ذِكْرِ اللَّهِ ۚ أُولَٰئِكَ فِي ضَلَالٍ مُّبِينٍ ﴿٢٣﴾ اللَّهُ نَزَّلَ

রব্বিহ; ফাওয়াইলুল্লিল্ ক্বা-সিয়াতি ক্বুলূবুহুম্ মিন্ যিকরিল্লা-হ্; উলা — য়িকা ফী দ্বোয়ালা-লিম্ মুবীন্। ২৩। আল্লা-হু নায্‌যালা

রয়েছে। আল্লাহর স্মরণ হতে যাদের মন শক্ত তাদেরই ধ্বংস অনিবার্য। তারা স্পষ্ট বিভ্রান্তিতে রয়েছে। (২৩) আল্লাহ উত্তম

أَحْسَنَ الْحَدِيثِ كِتَابًا مُّتَشَابِهًا مَّثَانِيَ تَقْشَعِرُّ مِنْهُ جُلُودُ الَّذِينَ يَخْشَوْنَ

আহ্‌সানাল্ হাদীছি কিতা-বাম্ মুতাশা-বিহাম্ মাছা-নিয়া তাক্বশ্‌আই'র্‌রু মিন্‌হু জুলূ দুল্লাযীনা ইয়াখ্‌শাওনা

বাণীর কিতাব নাযিল করলেন, যার পুনরাবৃত্তি হয়েছে। এতে যারা তাদের রবকে ভয় করে তাদের শরীর রোমাঞ্চিত হয়।

আয়াত-২৩ ঃ এই আয়াতে পবিত্র কোরআনের অলৌকিক বিশেষত্বসমূহ বর্ণিত হয়েছে। প্রথমতঃ আল্লাহ তা'আলা বলে দিচ্ছেন যে, তিনি এটি নাযিল করেছেন। এটি কোন মানব বা দানবের রচিত গল্প উপন্যাস অথবা কবির কল্পিত বাক্য বা কবিতা নয়; বরং এটি এরূপ অনুপম প্রত্যাদেশ ও উৎকৃষ্টতর বাক্য যে, কাব্য উপন্যাসের আবিলতা ও অশ্লীলতার লেশমাত্রও এতে নেই। দ্বিতীয়তঃ এটি সাদৃশ্যাত্মক ও আবৃত্তিকারী গ্রন্থ। রাসূলুল্লাহ (ছঃ) এর জীবনে সুদীর্ঘ তেইশ বছর ব্যাপি অবতীর্ণ হলেও এর প্রথম হতে শেষ পর্যন্ত কোথাও কোনরূপ অসামঞ্জস্যতা পরিলক্ষিত হবে না। কোন মানব রচিত গ্রন্থের আদ্যপান্ত এরূপ সামঞ্জস্য ও সাদৃশ্যাত্মকভাবে সুরক্ষিত হওয়া সম্পূর্ণ অসম্ভব। অধিকন্তু এটি আবৃত্তিকারী গ্রন্থ। কারণ এ গ্রন্থের বিভিন্ন অংশ নামাযে ও অন্যান্য ধর্মানুষ্ঠানে পুনঃ পুনঃ পাঠ করতে হয় এবং যতই অধিকবার পাঠ করা যায়, মানবের অন্তর ততই সুকোমল ও বিগলিত হয়ে এর প্রতি আকৃষ্ট হয়ে পড়ে এবং এটি আবৃত্তিকারীর পাঠস্পৃহা ততই বর্দ্ধিত হতে থাকে। কোন মানব রচিত গ্রন্থে এ গুণ থাকা সম্পূর্ণ অসম্ভব। কেননা, তা যতই উৎকৃষ্টতর রচনা হোক না কেন, একবার বা দুবার পাঠ করলেই তা পাঠের স্পৃহা প্রশমিত হয়ে থাকে। ফলতঃ পবিত্র কোরআন ভিন্ন জগতের আর কোন গ্রন্থেরই এ সমস্ত অলৌকিক বৈশিষ্ট্য নেই। তাই আল্লাহ তা'আলা বলেছেন যে, এ মহাগ্রন্থ পাঠে সত্যের জন্য যাদের অন্তর বিকশিত অথবা জ্ঞানচক্ষু উন্মীলিত না হবে, তাদের জন্য জগতের আর কোনই পথ-প্রদর্শক নেই এবং তারা কখনই সুপথ পাবে না।

رَبَّهُمْ ۚ ثُمَّ تَلِينُ جُلُودُهُمْ وَقُلُوبُهُمْ إِلَىٰ ذِكْرِ اللَّهِ ۚ ذَٰلِكَ هُدَى اللَّهِ يَهْدِي بِهِ

রব্বাহুম্ ছুম্মা তালীনু জ্বুলূদুহুম্ অক্বুলূবুহুম্ ইলা-যিক্‌রিল্লা-হ্; যা-লিকা হুদাল্লা-হি ইয়াহ্‌দী বিহী
তাদের দেহ ও অন্তর শান্ত হয়ে আল্লাহর স্মরণে ঝুঁকে পড়ে, এটাই আল্লাহর হেদায়াত, ইচ্ছামত হেদায়ত প্রদান করেন,

مَن يَشَاءُ ۚ وَمَن يُضْلِلِ اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ ﴿٢٤﴾ أَفَمَن يَتَّقِي بِوَجْهِهِ سُوءَ

মাইঁ ইয়াশা — য়ূ; অমাইঁ ইয়ুদ্বলিলিল্লা-হু ফামা-লাহূ মিন্ হা-দ্। ২৪। আফামাইঁ ইয়াত্তাক্বী বিঅজ্বহিহী সূ — য়াল্
আল্লাহ্ যাকে পথ ভ্রষ্ট করেন, তার আর কোন পথ প্রদর্শক নেই। (২৪) অনন্তর যে পরকালে নিজের মুখমণ্ডল দ্বারা কঠিন

الْعَذَابِ يَوْمَ الْقِيَامَةِ ۚ وَقِيلَ لِلظَّالِمِينَ ذُوقُوا مَا كُنتُمْ تَكْسِبُونَ ﴿٢٥﴾ كَذَّبَ

'আযা-বি ইয়াওমাল্ ক্বিয়া-মাহ্; অক্বীলা লিজ্‌জোয়া-লিমীনা যূক্বূ মা-কুন্‌তুম্ তাক্‌সিবূন্। ২৫। কায্‌যাবাল
আযাব ঠেকাতে চাইবে এমন জালিমদেরকে বলা হবে, তোমাদের অর্জিত শাস্তি তোমরা ভোগ কর। (২৫) অস্বীকার করেছিল

الَّذِينَ مِن قَبْلِهِمْ فَأَتَاهُمُ الْعَذَابُ مِنْ حَيْثُ لَا يَشْعُرُونَ ﴿٢٦﴾ فَأَذَاقَهُمُ اللَّهُ

লাযীনা মিন্ ক্বব্‌লিহিম্ ফাআতা-হুমুল্ 'আযা-বু মিন্ হাইছু লা-ইয়াশ্ 'উরূন্। ২৬। ফাআযা-ক্বাহুমু ল্লা-হুল্
তাদের পূর্ববর্তীরাও, ফলে তাদের অজ্ঞাতসারে তাদের উপর কল্পনাতীত আযাবও এসেছিল। (২৬) অতঃপর আল্লাহ তাদেরকে

الْخِزْيَ فِي الْحَيَاةِ الدُّنْيَا ۖ وَلَعَذَابُ الْآخِرَةِ أَكْبَرُ ۚ لَوْ كَانُوا يَعْلَمُونَ ﴿٢٧﴾ وَلَقَدْ

খিয্‌ইয়া-ফিল্ হাইয়া-তিদ্ দুন্‌ইয়া-অলা'আযা-বুল্ আ-খিরতি আকবার্। লাও কা-নূ ইয়া'লামূন্। ২৭। অলাক্বদ্
দুনিয়ার জীবনেই লাঞ্ছনার স্বাদ আস্বাদন করালেন, পরকালের আযাব তো আরও ভয়াবহ, যদি তারা জানত। (২৭) আর আমি তো

ضَرَبْنَا لِلنَّاسِ فِي هَٰذَا الْقُرْآنِ مِن كُلِّ مَثَلٍ لَّعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٢٨﴾ قُرْآنًا عَرَبِيًّا

দ্বোয়ারব্‌না-লিন্না-সি ফী হা-যাল্ ক্বুরআ-নি মিন্ কুল্লি মাছালিল্ লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন্। ২৮। ক্বুরআ-নান্ 'আরাবিয়্যান্
এ কোরআনে মানুষের জন্য বিভিন্ন দৃষ্টান্ত প্রদান করেছি, যেন তারা উপদেশ গ্রহণ করে। (২৮) এ কোরআন আরবী ভাষায়,

غَيْرَ ذِي عِوَجٍ لَّعَلَّهُمْ يَتَّقُونَ ﴿٢٩﴾ ضَرَبَ اللَّهُ مَثَلًا رَّجُلًا فِيهِ شُرَكَاءُ مُتَشَاكِسُونَ

গইর যী 'ইওয়াজ্বিল্লা'আল্লা-হুম্ ইয়াত্তাকূন্। ২৯। দ্বোয়ারাবাল্লা-হু মাছালার্ রাজুলান্ ফীহি শুরকা — য়ু মুতাশা-কিসূনা
বক্রতাহীন, যেন সাবধান হয়। (২৯) আল্লাহ দৃষ্টান্ত দিলেন, এক লোক যার মত-দ্বন্দ্ব সম্পন্ন কয়েকজন অংশীদার

وَرَجُلًا سَلَمًا لِّرَجُلٍ هَلْ يَسْتَوِيَانِ مَثَلًا ۚ الْحَمْدُ لِلَّهِ ۚ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ ٭

অরজুলান্ সালামাল্লি রজুল্; হাল্ ইয়াস্‌তাওয়িয়াইয়া-নি মাছালা-; আল্‌হাম্‌দু লিল্লা-হি বাল্ আক্‌ছারুহুম্ লা-ইয়া'লামূন্।
আছে, অন্য লোক যে একজনের। এ দুজনের অবস্থা কি সমান? আল্লাহরই সকল প্রশংসা। অধিকাংশই এটা জানে না।

﴿٣٠﴾ إِنَّكَ مَيِّتٌ وَإِنَّهُم مَّيِّتُونَ ﴿٣١﴾ ثُمَّ إِنَّكُمْ يَوْمَ الْقِيَامَةِ عِندَ رَبِّكُمْ تَخْتَصِمُونَ ٭

৩০। ইন্নাকা মাইয়্যিতুঁও অইন্নাহুম্ মাইয়্যিতূন্। ৩১। ছুম্মা ইন্নাকুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি 'ইন্দা রব্বিকুম্ তাখ্‌তাসিমূন্।
(৩০) নিশ্চয়ই আপনি মরণশীল, তারাও মরণশীল। (৩১) অতঃপর পরকালে তারা রবের সামনে পরস্পর বিতর্ক করবে।

ওয়াক্বফে লাযেম

ع ৩ ১০ ১৭ রুকু